

# 💵 সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫/ মিসওয়াক করার প্রতি উৎসাহ দান করা

#### আরবী

أَخْبَرَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ الأَعْلَى، عَنْ يَزِيدَ، \_ وَهُوَ ابْنُ زُريْعٍ \_ قَالَ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي عَتِيقٍ، قَالَ حَدَّثَنِي أَبِي قَالَ، سَمِعْتُ عَائِشَةَ، عَنِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم قَالَ " السِّوَاكُ مَطْهَرَةٌ لِلْفَمِ مَرْضَاةٌ لِلرَّبِّ ".

#### বাংলা

ে। হুমায়দ ইবনু মাসআদাহ ও মুহাম্মদ ইবনু আবদুল আ'লা (রহঃ) ... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেনঃ তিনি বলেছেন যে, মিসওয়াক মুখের পবিত্রতা অর্জনের উপকরণ ও আল্লাহর সন্তোষ লাভের উপায়।

# **English**

'Abdur-Rahman bin Abu 'Atiq said:

"My father told me: 'I heard 'Aishah say, (narrating) from the Prophet (SAW):

"Siwak is a means of purification for the mouth and is pleasing to the Lord."

# ফুটনোট

সহিহ মিশকাত হাঃ ৩৮১, ইরউয়াউল গালীল ৬৫

### হাদিসের শিক্ষা

\* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। এই হাদীসটি প্রতিটি মানুষকে তাদের মুখে দাঁতন ব্যবহার করার প্রতি আহ্বান জানায়। যেহেতু দাঁতন ব্যবহার করার মাধ্যমে মুখ পবিত্র ও পরিষ্কার হয় এবং মুখ দুর্গন্ধমুক্ত হয়। তাই দাঁতন ব্যবহার করার মাধ্যমে মহান আল্লাহর সম্ভুষ্টি লাভ হয়। যেহেতু হাদীসের মধ্যে এসেছে:



"إِنَّ اللهَ جَمِيلٌ يُحِبُّ الْجَمَالَ".

(صحيح مسلم، رقم الحديث (لا) - 89لا)□ ).

অর্থ: "নিশ্চয় মহান আল্লাহ স্বয়ং সুন্দর; তাই তিনি সৌন্দর্য ভালবাসেন"। [সহীহ মুসলিম, হাদীস নং ১৪৭ - (৯১)]।

- ২। দাঁতন ও গাছের ডালের সাথে সাথে আধুনিক ব্রাশ ইত্যাদি দাঁতনের মতই দাঁত পরিষ্কার করার জন্য ব্যবহার করতে পারা যায়। যেহেতু ব্রাশ ইত্যাদির দ্বারাও দাঁত পরিষ্কার করা যায় এবং মুখ দুর্গন্ধমুক্ত করা যায়। তবে অঙ্গুলির দ্বারা দাঁত পরিষ্কার হয় না। আর অঙ্গুলির দ্বারা দাঁতন করা প্রকৃত ইসলামের শিক্ষা সম্মত নিয়ম নয়। এবং দাঁতন ব্যবহার করে যেমন মুখ পবিত্র ও পরিষ্কার হয়, তেমনি অঙ্গুলির দ্বারা দাঁত পরিষ্কার ও পবিত্র হয় না।
- ৩। দাঁতন ব্যবহার করার কতকগুলি আদবকায়দা:
- ক। মানুষের সভা সমাবেশে বসে সকলের সামনে দাঁতন করা উচিত নয়। যেহেতু এটা মানবিকতার বিপরীত আচরণ।
- খ। নিজের দাঁতন লোকজনের সামনে রাখা উচিত নয়। যেহেতু এই আচরণটি মানুষের নিকটে একটি ঘৃণিত আচরণ।
- গ। নিজের দাঁতন পরিষ্কার করে নিয়ে লোকজনের কাছ থেকে দূরে রাখা দরকার।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন